
# প্রশিক্ষণ প্রতিবেদন
# ২০২১-২০২২




**বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ**
**সমাজকল্যাণ মন্ত্রণালয়**
২২৪/১, নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০
www.bnswc.gov.bd

**সার্বিক তত্ত্বাবধান**
মোহাম্মদ জসিমউদ্দিন
নির্বাহী সচিব (যুগ্মসচিব)
বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ

**সম্পাদক**
জনাব ফারহানা আক্তার
উপপরিচালক (মূল্যায়ন)

**সহযোগী সম্পাদক**
অবেন্দ্র নাথ বাড়ৈ
উপপরিচালক (প্রশাসন)
মোঃ মোহিবুল্লাহ
সহকারী পরিচালক (প্রশাসন)
মোঃ হারুনার রশীদ
প্রশিক্ষণ কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
তাহলিমা খাতুন
ডাটা এন্ট্রি অপারেটর

**আলোকচিত্র**
মোঃ আব্দুল বারেক
ফটোকপি মেশিন অপারেটর

**মুদ্রণ**
অগদূত মুদ্রায়ণ ও প্রকাশন

**প্রকাশকাল**
অক্টোবর ২০২২ খ্রি.

**প্রকাশনায়**
বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ
সমাজকল্যাণ মন্ত্রণালয়
২২৪/১ নিউ ইস্কাটন, ঢাকা-১০০০
ফোন: ০২-২২২২২৮১২৫
ফ্যাক্স: ০২-৫৮৩১২৮৪৫
Web : bnswc.gov.bd
E-mail : es@bnswc.gov.bd



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান



**মন্ত্রী**
সমাজকল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বাণী

বাংলাদেশ সরকারের প্রাচীন প্রতিষ্ঠান বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ ১৯৯৯-২০০০ সাল হতে স্বেচ্ছাসেবী সংগঠনের নির্বাহীদের প্রশিক্ষণ প্রদান করে আসছে। প্রতিষ্ঠানটির প্রশিক্ষণ সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন ২০২১-২০২২ প্রণয়ন ও প্রকাশের মহতী উদ্যোগ গ্রহণ করেছে জেনে আমি আনন্দিত।


সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন প্রতিষ্ঠানটি জাতিসংঘ টেকসই উন্নয়ন অভীষ্ট, ২০৩০ এবং বর্তমান সরকারের ভিশন ২০৪১ অর্জন এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে দেশের সকল ধরনের পিছিয়ে পড়া জনগোষ্ঠী বিশেষত নারী, শিশু, অনগ্রসর-সুবিধা বঞ্চিত ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক, মানসিক ও বুদ্ধিপ্রতিবন্ধী, দুর্যোগে ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠী, বস্তিবাসী, চা-বাগান শ্রমিকসহ দারিদ্র্য সীমার নিচে বসবাসকারী নিম্ন আয়ের জনগোষ্ঠীর সার্বিক জীবনমান বা আর্থ-সামাজিক উন্নয়নে প্রতিষ্ঠালগ্ন থেকে অদ্যাবধি কাজ করে যাচ্ছে।

বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ কর্তৃক স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) অধ্যাদেশ, ১৯৬১ এবং স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ (রেজিস্ট্রেশন ও নিয়ন্ত্রণ) বিধিমালা, ১৯৬২-এর আওতায় নিবন্ধনপ্রাপ্ত বিভিন্ন সমাজকল্যাণমূলক সংস্থাকে প্রতিবছর বিভিন্ন পরিমাণে অনুদান প্রদান করা হয়। স্বেচ্ছাসেবী সংস্থাসমূহের মধ্যে যে অনুদান প্রদান করা হয়, তা মাঠ পর্যায়ে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত হয়। স্বেচ্ছাসেবী সংগঠনগুলোতে আরো গতিশীলতা, দক্ষতা এবং স্বচ্ছতা আনয়নের জন্য বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ হতে প্রতিবছর স্বেচ্ছাসেবী সংগঠনের প্রধানদের দক্ষতা উন্নয়নের জন্য প্রশিক্ষণের আয়োজন করে আসছে। সরকারের নীতি, চলমান উন্নয়ন কার্যক্রম এসব প্রশিক্ষণে অবহিত করা হয়, যার মাধ্যমে সমাজকল্যাণমূলক প্রতিষ্ঠান সৃষ্টি, রেজিস্ট্রেশন কর্মকাণ্ড পরিচালনা, আর্থিক ব্যবস্থাপনা, উন্নয়নমূলক উদ্যোগ গ্রহণ, উদ্যোক্তা সৃষ্টি এবং সরকারি-বেসরকারি বিভিন্ন সংস্থার কর্মকাণ্ডের সমন্বয় সাধন সহজতর হবে।

বার্ষিক প্রশিক্ষণ প্রতিবেদনটি প্রতিষ্ঠানের ভবিষ্যৎ কর্মপরিকল্পনা প্রণয়নে 'রেফারেন্স' হিসেবে সহায়ক হবে। সর্বোপরি বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের প্রশিক্ষণ সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন ২০২১-২০২২ প্রকাশের জন্য পরিষদের সংশ্লিষ্ট সকল কর্মকর্তা-কর্মচারীদের আন্তরিক ধন্যবাদ ও অভিনন্দন জানাচ্ছি এবং বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের উত্তরোত্তর সফলতা কামনা করছি।

জয় বাংলা জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

নুরুজ্জামান আহমেদ এমপি



**প্রতিমন্ত্রী**
সমাজকল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বাণী

বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ কর্তৃক পরিচালিত 'সমাজকল্যাণমূলক কার্যক্রমে সম্পৃক্ত সংগঠনের ব্যবস্থাপনা ও কর্মীদের দক্ষতা উন্নয়ন' শীর্ষক প্রশিক্ষণ বিষয়ে একটি বাৎসরিক প্রতিবেদন প্রস্তুত করছে জেনে আমি আনন্দিত। এ প্রশিক্ষণ কাজে জড়িত সকল প্রশিক্ষণার্থী, প্রশিক্ষক ও অন্যান্য কর্মকর্তা-কর্মচারীকে আমি আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ নানাবিধ সামাজিক নিরাপত্তা কার্যক্রম বাস্তবায়ন করে থাকে। একই সাথে জেলা পর্যায়ে ইউসিসির মাধ্যমে মানব সম্পদ উন্নয়ন এবং কেন্দ্রীয় অফিসে দক্ষতা সৃষ্টিমূলক কর্মসূচি একটি অনন্য উদ্যোগ। বছরব্যাপী প্রায় এক হাজারের বেশী নির্বাহী এ প্রশিক্ষণ পেয়ে থাকেন। সরকারের লক্ষ্য, সেবা ও কর্মসূচি সম্পর্কে সর্বশেষ ধারণা অর্জনে এ প্রশিক্ষণ সহায়ক বলে আমার দৃঢ় বিশ্বাস।

জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে স্বেচ্ছাসেবী সংগঠনসমূহের ভূমিকা অন্যতম। মাঠে-ঘাটে, পথে-প্রান্তরে ছড়িয়ে থাকা স্বেচ্ছাসেবী সংগঠনসমূহ নানামুখী সমাজকল্যাণমূলক কাজ করে থাকে। এ প্রতিষ্ঠানের নির্বাহীগণকে প্রশিক্ষণদানের মাধ্যমে সমাজকল্যাণ কার্যক্রম আরো গতিশীল হয়েছে বলে আমি মনে করি। এ ধরনের প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে সংশ্লিষ্ট সকলের প্রতি আমার অনুরোধ রইল।

এসডিজি লক্ষ্যমাত্রা-২০৩০, ভিশন-২০৪১ ও ডেল্টা প্ল্যান-২১০০ বাস্তবায়নে সকলের ঐকান্তিক সহযোগিতা কামনা করছি।

জয় বাংলা জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক

মোঃ আশরাফ আলী খান খসরু, এমপি



**সভাপতি**
**সমাজকল্যাণ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি**
**বাংলাদেশ জাতীয় সংসদ**

# বাণী

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীনস্থ প্রাচীনতম প্রতিষ্ঠান বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ। স্বাধীনতা পূর্ববর্তী সময়ে সৃষ্ট এ প্রতিষ্ঠানটি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাসনামলে ১৯৭২ সালে 'বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ' হিসেবে পুনর্গঠিত হয়। দীর্ঘ ৬৩ বছর পরে বর্তমান সরকার বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ আইন-২০১৯ প্রণয়নের মাধ্যমে প্রতিষ্ঠানটিকে একটি আইনি কাঠামোতে এনে সংবিধিবদ্ধ সংস্থায় রূপান্তরিত করেছে, যা এ প্রতিষ্ঠানের ক্ষেত্রে একটি মাইলফলক এবং বর্তমান সরকার ও সমাজকল্যাণ মন্ত্রণালয়ের একটি অনন্য অর্জন।

বিভিন্ন সামাজিক সমস্যা নিরসনে সমাজকল্যাণমূলক কার্যক্রম, অনুদান কর্মসূচি, স্বেচ্ছাসেবী সমাজকল্যাণমূলক প্রতিষ্ঠানকে সহায়তা, গবেষণা ও মূল্যায়ন কার্যক্রম পরিচালনার পাশাপাশি বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ স্বেচ্ছাসেবী সংগঠনের নির্বাহীদের প্রশিক্ষণ দিয়ে থাকে। দেশব্যাপী সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধনকৃত স্বেচ্ছাসেবী সংগঠন বিভিন্ন সামাজিক নিরাপত্তামূলক কর্মসূচি বাস্তবায়ন করে থাকে। তৃণমূল পর্যায়ের স্বেচ্ছাসেবী সংগঠনসমূহের পরিচালনা পরিষদের নির্বাহীদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে জনসেবাকেই এগিয়ে নেয়া হচ্ছে। এ কার্যক্রম সফলভাবে বাস্তবায়ন হলে ২০৪১ সালের মধ্যে উন্নত বাংলাদেশ গঠনের পথে আমরা এগিয়ে যাবো।

প্রশিক্ষণই দক্ষ জনশক্তি গড়ে তুলতে সহায়ক ভূমিকা পালন করে। দক্ষ জনশক্তি ও নিবেদিত সমাজকর্মীর মতোমানব সম্পদ তৈরির নিমিত্ত প্রশিক্ষণ কর্মসূচি নিয়ে প্রতিবেদন প্রস্তুতের সাথে জড়িত সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

জয় বাংলা জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক

রাশেদ খান মেনন, এমপি



**সচিব**
সমাজকল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বাণী

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বলেছিলেন, "আমার জীবনের একমাত্র কামনা, বাংলাদেশের মানুষ যেন তাদের খাদ্য পায়, আশ্রয় পায় এবং উন্নত জীবনের অধিকারী হয়"। তিনি ১৯৭২ সালে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানে অনুচ্ছেদ ১৫ (ঘ) "সামাজিক নিরাপত্তার অধিকার, অর্থাৎ, বেকারত্ব, ব্যাধি বা পঙ্গুত্বজনিত কিংবা বৈধব্য, মাতাপিতৃহীনতা বা বার্ধক্যজনিত কিংবা অনুরূপ সামাজিক নিরাপত্তাকে রাষ্ট্রীয় কাঠামোর অন্তর্ভুক্ত করেন। সমাজকল্যাণ মন্ত্রণালয় সমাজের ঝুঁকিতে থাকা বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা, প্রতিবন্ধী, প্রান্তিক ও অনগ্রসর জনগোষ্ঠীর সামাজিক সুরক্ষা ও জীবনমান উন্নয়নের লক্ষ্যে মানব বৈচিত্র্যের প্রতি শ্রদ্ধা রেখে সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠা, মানবাধিকার সুরক্ষা ও সামাজিক কল্যাণে ব্যক্তি ও প্রাতিষ্ঠানিক পর্যায়ে বাংলাদেশে সমাজসেবামূলক কার্যক্রম বাস্তবায়ন করছে।

আর্থ-সামাজিক উন্নয়নের মাধ্যমে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) ২০৩০, রূপকল্প ২০৪১, ডেল্টাপ্ল্যান-২১০০ অর্জনে সমাজকল্যাণ মন্ত্রণালয় কাজ করে যাচ্ছে। এ সকল লক্ষ্য অর্জনের পাশাপাশি তৃণমূল পর্যায়ের বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠনের ভূমিকা অনস্বীকার্য। সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন, স্বাধীনতাপূর্ব ১৯৫৬ সালে সৃষ্ট বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ দেশের সামাজিক সমস্যা নিরসনে বিভিন্ন সমাজকল্যাণমূলক সংগঠন ও ব্যক্তিকে প্রণোদনা দান ও দক্ষ সমাজকর্মী তৈরি সংস্থাটির অন্যতম দায়িত্ব।

আয়োজিত ও প্রশিক্ষণে উচ্চপদস্থ সরকারি কর্মকর্তা, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও বিষয়ভিত্তিক অভিজ্ঞ ব্যক্তিবর্গ সরকারের নিয়মনীতি, বিষয়বস্তুর ব্যাখ্যা ও অভিজ্ঞতা বিনিময়ে করেন। স্বেচ্ছাসেবী সংগঠনের নির্বাহীগণ এতে বাস্তব অভিজ্ঞতা, সমস্যা ও সমাধানে প্রয়োজনীয় অভিজ্ঞতা লাভ করতে পারেন। এছাড়াও পারস্পরিক মিথস্ক্রিয়ায় স্বেচ্ছাসেবী সংগঠন পরিচালনায় অনেক অস্পষ্ট বিষয়াদি সম্পর্কে স্বচ্ছ ধারণা অর্জন করেন। সকল জেলার সমাজকর্মীগণ একই সঙ্গে প্রশিক্ষণ গ্রহণের ফলে সমাজকল্যাণ সংক্রান্ত কাজের সমস্যাদি আলোচনা ও সমাধানের সুযোগ সৃষ্টি হয়।

দক্ষ ও প্রশিক্ষিত সমাজকর্মী সৃষ্টিতে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ ১৯৯৯-২০০০ অর্থবছর থেকে স্বেচ্ছাসেবী সংগঠনের নির্বাহীদের জন্য 'সমাজকল্যাণমূলক কার্যক্রমে সম্পৃক্ত সংগঠনের ব্যবস্থাপনা ও কর্মীদের দক্ষতা উন্নয়ন' শীর্ষক প্রশিক্ষণ আয়োজন করে আসছে। বিগত ২০২১-২০২২ অর্থবছরে মোট ৯৫৫ জন সমাজকর্মীকে প্রশিক্ষণ প্রদান করা সম্ভব হয়েছে।

এ জাতীয় প্রশিক্ষণ দক্ষ সমাজকর্মী সৃষ্টির মাধ্যমে তৃণমূল পর্যায়ে জনসেবা নিশ্চিত করতে সক্ষম হবে বলে আমি বিশ্বাস করি। বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখবে এটাই প্রত্যাশা।

প্রশিক্ষণ কার্যক্রম দক্ষ সমাজকর্মী সৃষ্টির মাধ্যমে তৃণমূল পর্যায়ে জনসেবা নিশ্চিত করতে সক্ষম হবে বলে আমি বিশ্বাস করি। বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখবে এটাই প্রত্যাশা।

প্রশিক্ষণ কার্যক্রম নিয়ে বিস্তারিতভাবে এ ধরনের প্রতিবেদন প্রণয়নে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

জয় বাংলা জয় বঙ্গবন্ধু

বাংলাদেশ চিরজীবী হোক।

মোঃ জাহাঙ্গীর আলম



**নির্বাহী সচিব**
(যুগ্মসচিব)
বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ

# মুখবন্ধ

প্রতি বছরের ন্যায় ২০২১-২০২২ অর্থবছরেও বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ কর্তৃক "সমাজকল্যাণমূলক কার্যক্রমে সম্পৃক্ত সংগঠনের ব্যবস্থাপনা ও কর্মীদের দক্ষতা উন্নয়ন" শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীগণের তথ্য সম্বলিত প্রশিক্ষণ প্রতিবেদন প্রকাশ করা হলো। প্রতিবেদন তৈরির কষ্টসাধ্য কাজে জড়িত সকলকে আমি আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীনস্থ বিধিবদ্ধ সংস্থা। ১৯৯৯-২০০০ অর্থবছর হতে "সমাজকল্যাণমূলক কর্মকাণ্ডে সম্পৃক্ত সংগঠনের ব্যবস্থাপনা ও কর্মীদের দক্ষতা উন্নয়ন" শীর্ষক প্রশিক্ষণ কোর্সের আয়োজন করে আসছে। এরই ধারাবাহিকতায় ২০২১-২০২২ অর্থবছরে ২৫টি কোর্সের মাধ্যমে ৯৫৫ জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান করা হয়। যার মধ্যে ৬৯৭ জন পুরুষ এবং ২৫৮ জন মহিলা প্রশিক্ষণার্থী। সকল প্রশিক্ষণার্থীর নাম, পদবি, ঠিকানা ও ছবিসহ প্রতিষ্ঠানের তথ্যাদি এই প্রতিবেদনে অন্তর্ভুক্ত করা হয়েছে।

এ প্রশিক্ষণে জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ ব্যবস্থাপনায় স্বেচ্ছাসেবী সংগঠনের করণীয়; প্রাথমিক স্বাস্থ্য, মা ও শিশু স্বাস্থ্য পরিচর্যা, পুষ্টি ও পরিবার পরিকল্পনা; স্যানিটেশন তথ্যপ্রযুক্তির গুরুত্ব ও প্রয়োজনীয়তা; স্থানীয় সম্পদের ব্যবহার, স্থানীয় সরকার এবং জিও-এনজিও সহযোগিতা; টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDGs) অর্জনে স্বেচ্ছাসেবী সংগঠনের করণীয়; স্বেচ্ছাসেবী সংগঠনের কার্যক্রম পরিচালনায় গবেষণা ও জরিপ, মূল্যায়নের গুরুত্ব ও প্রতিবেদন প্রণয়ন; বাজেট প্রণয়ন ও বাস্তবায়ন; স্বেচ্ছাসেবী সংগঠনের আয়-ব্যয় নির্বাহের নিয়মাবলী, ক্যাশবহি লিখন এবং নিরীক্ষা; প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার ও সুরক্ষা আইন-২০১৩; নিউরো-ডেভেলপমেন্টাল ডিজঅ্যাবিলিটিজ ও অটিজম বিষয়ক সচেতনতা সৃষ্টি; দেশের আর্থ-সামাজিক উন্নয়নে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতায় চলমান গুরুত্বপূর্ণ কার্যক্রমসমূহ এবং সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি, পিতা-মাতার ভরণ পোষণ আইন-২০১৩; প্রবীণকল্যাণ প্রভৃতি বিষয়ে সম্যক ধারণা দেয়া হয়। জন্মনিবন্ধন, বিবাহনিবন্ধন ও ভোটার নিবন্ধন আইনসমূহ, নারী ও শিশুনির্যাতন ও মানবপাচার রোধ, যৌতুক ও বাল্য বিবাহ আইনসমূহ, পরিবেশ ও সংরক্ষণ, ভূমি ব্যবস্থাপনা, পর্যটনের বিকাশ, মাদকাসক্তি সমস্যা ও তার প্রতিকার, স্যানিটেশন ও প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা, ডিজিটাল বাংলাদেশ, আগামীর বাংলাদেশ বিষয়সমূহে প্রশিক্ষণ প্রদান করা হয়। এই সমস্ত বিষয়সমূহে রিসোর্স পার্সন হিসেবে বিভিন্ন মন্ত্রণালয়, অধিদপ্তর, দপ্তর, সংস্থার অভিজ্ঞ সিনিয়র কর্মকর্তা, বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ও বিভিন্ন ক্ষেত্রে সফল ব্যক্তিগণকে আমন্ত্রণ জানানো হয়ে থাকে।

দক্ষ জনশক্তি গড়তে প্রশিক্ষণের কোনো বিকল্প নেই। প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে ও যথাসময়ে সম্পন্ন করা নিঃসন্দেহে একটি দুরুহ কাজ। তবে এ দায়িত্ব সম্পাদনে যারা অক্লান্ত পরিশ্রম করেছেন তাদের জানাই আন্তরিক ধন্যবাদ। আশা করি 'সমাজকল্যাণমূলক কর্মকাণ্ডে সম্পৃক্ত সংগঠনের ব্যবস্থাপনা ও কর্মীদের দক্ষতা উন্নয়ন' শীর্ষক প্রশিক্ষণ কোর্সটি ভবিষ্যতে আরও আনন্দময় ও ফলপ্রসূ হবে।

মোহাম্মদ জসিম উদ্দিন




**ফারহানা আক্তার**
উপপরিচালক (মূল্যায়ন)
বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ


# সম্পাদকীয়

বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ কর্তৃক ২০২১-২০২২ সনে আয়োজিত প্রশিক্ষণসমূহের উপর প্রতিবেদন তৈরির দায়িত্ব পেয়ে আমি আনন্দিত। বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের নানা কার্যাবলীর মধ্যে স্বেচ্ছাসেবী সংগঠনের প্রশিক্ষণ অন্যতম। বছরব্যাপী 'সমাজকল্যাণমূলক কর্মকাণ্ডে সম্পৃক্ত সংগঠনের ব্যবস্থাপনা ও কর্মীদের দক্ষতা উন্নয়ন' শীর্ষক কোর্স প্রতি রবিবার থেকে বৃহস্পতিবার আয়োজিত হয়ে থাকে। বিভিন্ন জেলার নানা ধর্মের, নানা সংস্কৃতির, স্বেচ্ছাসেবী সমাজকর্মীগণ এখানে প্রশিক্ষণ নিয়ে থাকেন। অনেক সিনিয়র স্বেচ্ছাসেবী, নবীন সমাজকর্মীগণ প্রশিক্ষণ নিতে আসেন। এ যেন নবীন-প্রবীণমেলা।

এ প্রশিক্ষণে বিভিন্ন বিষয়ে বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থার সিনিয়র কর্মকর্তাগণ, বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকবৃন্দ, বিষয় অভিজ্ঞ সফল ব্যক্তিবর্গ বিভিন্ন বিষয়ে আলোচনায় অংশ নেন। ফলে পারস্পারিক অনেক বিষয়ে জ্ঞানের বিনিময় হয়ে থাকে। প্রতিটি সেশনেই প্রশিক্ষণার্থীগণ নতুন নতুন অভিজ্ঞতা সঞ্চয় করে থাকেন। অন্য দিকে প্রশিক্ষকগণও বাস্তব পরিস্থিতি উপলব্ধি করতে পারেন।

প্রশিক্ষণার্থীদের কাছে এ প্রতিবেদনটি একটি স্মৃতিবহ ডায়েরী হিসেবে স্মরণীয় হয়ে থাকে। সম্পাদনা পরিষদ যথেষ্ট যত্ন ও সতর্কতার সাথে একটি মানসম্পন্ন প্রতিবেদন তৈরির চেষ্টা করেছেন। এতদসত্ত্বেও কোন ভুলত্রুটি দেখা গেলে তার জন্য সম্পাদনা কমিটির পক্ষ থেকে ক্ষমা প্রার্থনা করছি।

বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ ১৯৫৬ সাল থেকে এ পর্যন্ত হাঁটি হাঁটি পায়ে এ পর্যন্ত এসেছে। প্রতিবছর পরিষদের কার্যক্রম সম্প্রসারিত হচ্ছে। ২০২১-২০২২ অর্থবছরে ২৫টি কোর্সে ৯৫৫ জন স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানের নির্বাহীগণ প্রশিক্ষণ গ্রহণ করেছেন। প্রশিক্ষণ কোর্সের যাবতীয় বিষয়াদি এ প্রতিবেদনে অন্তর্ভুক্ত করার চেষ্টা করা হয়েছে। সরকারের রূপকল্প বাস্তবায়নে ভবিষ্যতে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ আরও জোরালো ভূমিকা রাখতে পারবে বলে আমি বিশ্বাস করি।

পরিশেষে এ প্রতিবেদন সম্পাদনায় জড়িত সকলকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি। সম্পাদকবৃন্দ নিরলসভাবে কাজ করেছেন, বিশেষ করে নির্বাহী সচিব মহোদয়ের সার্বিক নির্দেশনার জন্য জানাই আন্তরিক কৃতজ্ঞতা।

# সূচিপত্র


| ক্রমিক নং | বিবরণ | পৃষ্ঠা |
|---|---|---|
| ১. | বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ পরিচিতি | ১৮ |
| ২. | প্রশিক্ষণ কার্যক্রম | ১৮ |
| ৩. | প্রশিক্ষণ কর্মসূচির সংক্ষিপ্ত বিবরণী | ১৯ |
| ৪. | ২০২১-২০২২ অর্থবছরের প্রশিক্ষকগণের তালিকা | ১৯ |
| ৫. | ২০২১-২০২২ অর্থবছরের প্রশিক্ষণপঞ্জি | ২০ |
| ৬. | ২০২১-২০২২ অর্থবছরে আয়োজিত প্রশিক্ষণ কোর্সের বিবরণী | ২১ |
| ৭. | অংশগ্রহণকারী সংগঠনসমূহের উল্লেখযোগ্য প্রধান প্রধান কার্যক্রমসমূহ | ২২ |
| ৮. | অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের বিভাগ/জেলাওয়ারি তথ্যাদি | ২৩ |
| ৯. | বিগত ২২ বছরের প্রশিক্ষণ কোর্সের সংক্ষিপ্ত বিবরণী | ২৪ |
| ১০. | ২০২১-২০২২ অর্থবছরের প্রশিক্ষণ মডিউল | ২৫ |
| ১১. | ২০২১-২০২২ অর্থবছরে অনুষ্ঠিতব্য কোর্সওয়ারী প্রশিক্ষণার্থীদের তালিকা | ২৮ |
| ১২. | ১ম প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারীদের তালিকা | ২৮ |
| ১৩. | ২য় প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারীদের তালিকা | ৩০ |
| ১৪. | ৩য় প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারীদের তালিকা | ৩২ |
| ১৫. | ৪র্থ প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারীদের তালিকা | ৩৪ |
| ১৬. | ৫ম প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারীদের তালিকা | ৩৬ |
| ১৭. | ৬ষ্ঠ প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারীদের তালিকা | ৩৮ |
| ১৮. | ৭ম প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারীদের তালিকা | ৩৯ |
| ১৮. | ৮ম প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারীদের তালিকা | ৪২ |
| ২০. | ৯ম প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারীদের তালিকা | ৪৪ |
| ২১. | ১০ম প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারীদের তালিকা | ৪৬ |
| ২২. | ১১তম প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারীদের তালিকা | ৪৮ |
| ২৩. | ১২তম প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারীদের তালিকা | ৫১ |
| ২৪. | ১৩তম প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারীদের তালিকা | ৫৩ |
| ২৫. | ১৪তম প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারীদের তালিকা | ৫৬ |
| ২৬. | ১৫তম প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারীদের তালিকা | ৫৮ |
| ২৭. | ১৬তম প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারীদের তালিকা | ৬০ |
| ২৮. | ১৭তম প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারীদের তালিকা | ৬২ |
| ২৯. | ১৮তম প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারীদের তালিকা | ৬৪ |
| ৩০. | ১৯তম প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারীদের তালিকা | ৬৭ |
| ৩১. | ২০তম প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারীদের তালিকা | ৬৯ |
| ৩২. | ২১তম প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারীদের তালিকা | ৭১ |
| ৩৩. | ২২তম প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারীদের তালিকা | ৭৩ |
| ৩৪. | ২৩তম প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারীদের তালিকা | ৭৫ |
| ৩৫. | ২৪তম প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারীদের তালিকা | ৭৭ |
| ৩৬. | ২৫তম প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারীদের তালিকা | ৭৯ |
| ৩৭. | ২০২১-২০২২ অর্থবছরে অনুষ্ঠিত প্রশিক্ষণ কোর্সের বিভিন্ন স্থির চিত্র | ৮১ |

# বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ পরিচিতি

বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন একটি সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান। সমাজকল্যাণমূলক কার্যক্রমের সাথে সম্পৃক্ত এই প্রতিষ্ঠানটির জন্ম ১৯৫৬ সালের ২ জানুয়ারি। স্বাধীনতা পূর্ববর্তী সময়ে গঠিত প্রাচীন এই প্রতিষ্ঠানের রয়েছে সুদীর্ঘ ইতিহাস। সমাজকল্যাণমূলক কার্যক্রমে জাতীয় চাহিদা পূরণের লক্ষ্যে ১৯৫৬ সালে একটি রেজুল্যুশনের মাধ্যমে গঠিত হয় জাতীয় সমাজকল্যাণ পরিষদ। বিভিন্ন সামাজিক সমস্যা নিরসনে সমাজকল্যাণমূলক কার্যক্রম, অনুদান কর্মসূচি, স্বেচ্ছাসেবী সমাজকল্যাণমূলক প্রতিষ্ঠানকে সহায়তা, গবেষণা ও মূল্যায়ন কার্যক্রম পরিচালনা করার লক্ষ্যে এই প্রতিষ্ঠানের জন্ম। স্বাধীনতা পরবর্তী সময়ে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাসনামলে ১৯৭২ সালে পুনরায় রেজুল্যুশন পরিবর্তনের মাধ্যমে এই প্রতিষ্ঠানের নামকরণ করেন বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ। যুদ্ধোত্তর নবীন দেশ হিসাবে উদ্ভূত বিভিন্ন সামাজিক সমস্যা নিরসনের লক্ষ্যে এই প্রতিষ্ঠান নিরলসভাবে কাজ করে যাচ্ছে। সমাজকল্যাণমূলক কার্যক্রমের পরিধি বৃদ্ধির লক্ষ্যে পরবর্তীতে বিভিন্ন সময়ে এই রেজুল্যুশন পরিবর্তিত হয়েছে। ২৯ এপ্রিল ২০১৯ সালে মহান জাতীয় সংসদে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ আইন, ২০১৯ পাসের মাধ্যমে প্রতিষ্ঠানটি আইনি ভিত্তি পেয়েছে।

পরিষদের পরিচালনা বোর্ডের বর্তমান সদস্য সংখ্যা ৮৪ জন। সমাজকল্যাণ মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মাননীয় মন্ত্রী পরিষদের সভাপতি, মাননীয় প্রতিমন্ত্রী পরিষদের সিনিয়র সহসভাপতি। সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সচিব-এর নেতৃত্বে পরিষদের সিদ্ধান্ত ও কার্যক্রম বাস্তবায়নের জন্য ১৯ সদস্য বিশিষ্ট একটি নির্বাহী কমিটি রয়েছে। পরিষদ ও নির্বাহী কমিটির সদস্য সচিবের দায়িত্ব পালন করেন পরিষদের নির্বাহী সচিব। পরিষদের লক্ষ্য ও কর্মসূচি বাস্তবায়নের জন্য দেশের সকল জেলায় 'জেলা সমাজকল্যাণ কমিটি' এবং উপজেলায় 'উপজেলা সমাজকল্যাণ কমিটি' রয়েছে। তিনটি পার্বত্য জেলা ব্যতীত জেলা সমাজকল্যাণ কমিটির সভাপতি সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক ও সদস্য সচিব জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক। পার্বত্য জেলাসমূহে জেলা সমাজকল্যাণ পরিষদের সভাপতি পার্বত্য জেলা পরিষদের চেয়ারম্যান ও সদস্য সচিব জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক। উপজেলা সমাজকল্যাণ কমিটির সভাপতি সংশ্লিষ্ট উপজেলার উপজেলা নির্বাহী অফিসার ও সদস্য সচিব সংশ্লিষ্ট উপজেলার উপজেলা সমাজসেবা কর্মকর্তা। মাঠ পর্যায়ে পরিষদের নিজস্ব কোন কার্যালয় ও জনবল না থাকায় সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা ও উপজেলা সমাজসেবা কার্যালয়ের মাধ্যমে কমিটির মাঠ পর্যায়ের কার্যক্রম পরিচালিত হয়ে থাকে।

# প্রশিক্ষণ কার্যক্রম

দেশের আর্থসামাজিক উন্নয়নের মাধ্যমে রূপকল্প ২০২১ ও টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনের জন্য একটি গুরুত্বপূর্ণ উপাদান হলো প্রশিক্ষণ। প্রশিক্ষণের কোন বিকল্প নেই। বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ দক্ষ ও প্রশিক্ষিত মানবসম্পদ সৃষ্টি ও উন্নয়নে নিয়মিতভাবে স্বেচ্ছাসেবী সংগঠনের নির্বাহীগণের জন্য ১৯৯৯-২০০০ অর্থবছর থেকে "সমাজকল্যাণমূলক কার্যক্রমে সম্পৃক্ত সংগঠনের ব্যবস্থাপনা ও কর্মীদের দক্ষতা উন্নয়ন" শীর্ষক প্রশিক্ষণ কোর্সের আয়োজন করে আসছে। প্রশিক্ষণে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের লক্ষ্য, উদ্দেশ্য ও কার্যক্রম; সমাজসেবা অধিদফতরের কার্যক্রম; স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ (রেজিস্ট্রেশন ও নিয়ন্ত্রণ) অধ্যাদেশ ১৯৬১ ও বিধিমালা ১৯৬২; সমাজকল্যাণের গুরুত্বপূর্ণ, প্রয়োজনীয়তা এবং ব্যক্তি ও সংগঠনের ভূমিকা; নৈতিকতা ও সামাজিক মূল্যবোধ; জন্ম নিবন্ধন, বিবাহ নিবন্ধন ও ভোটার নিবন্ধন আইনসমূহ; নারী ও শিশু নির্যাতন ও পাচার প্রতিরোধ, যৌতুক ও বাল্যবিবাহ আইন এবং পরিবেশ ও দুর্যোগ ব্যবস্থাপনায় স্বেচ্ছাসেবী সংগঠনের ভূমিকা; প্রাথমিক স্বাস্থ্য, মা ও শিশু স্বাস্থ্য পরিচর্যা, পুষ্টি ও পরিবার পরিকল্পনা; মাদকাসক্তি সমস্যা ও তার প্রতিকার; সামাজিক বনায়ন ও পরিবেশ সংরক্ষণে বনায়নের গুরুত্ব; নেতৃত্বের স্বরূপ, গুণাবলী ও নেতৃত্বের ধরন, সামাজিক ও জাতীয় উন্নয়নে নেতৃত্বের গুরুত্ব; জেন্ডার বৈষম্য দূরীকরণ ও নারীর ক্ষমতায়ন; দারিদ্র্য বিমোচন, ক্ষুদ্রঋণ কর্মসূচি, বিভিন্ন ধরনের প্রকল্প প্রস্তাবনা প্রণয়ন ও বাস্তবায়ন (গবাদি পশু, হাঁসমুরগি পালন, হস্তশিল্প, কম্পিউটার প্রশিক্ষণ, মৎস্যচাষ প্রভৃতি), স্যানিটেশন এবং আর্সেনিক সমস্যা ও তার প্রতিকার; তথ্যপ্রযুক্তির গুরুত্ব ও প্রয়োজনীয়তা; স্থানীয় সম্পদের ব্যবহার, স্থানীয় সরকার এবং জিও-এনজিও সহযোগিতা; টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনে স্বেচ্ছাসেবী সংগঠনের করণীয়; স্বেচ্ছাসেবী সংগঠনের কার্যক্রম পরিচালনায় গবেষণা, জরিপ, মূল্যায়নের গুরুত্ব ও প্রতিবেদন প্রণয়ন; বাজেট প্রণয়ন ও বাস্তবায়ন; স্বেচ্ছাসেবী সংগঠনের আয়-ব্যয় নির্বাহের নিয়মাবলী, ক্যাশবহি লিখন এবং নিরীক্ষা; প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার ও সুরক্ষা আইন-২০১৩; জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের কার্যক্রম; দেশের আর্থসামাজিক উন্নয়নে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতায় চলমান গুরুত্বপূর্ণ কার্যক্রমসমূহ, সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি, বর্তমান সরকারের উল্লেখযোগ্য কর্মকাণ্ড ও সফলতা (আগামীর বাংলাদেশ) এবং সোনার বাংলা-ডেল্টা প্ল্যান-২১০০ রূপকল্প-২০২১ প্রভৃতি বিষয়ে ধ্যান-ধারণা দেয়া হয়। রিসোর্স পার্সন হিসেবে বিভিন্ন মন্ত্রণালয়, অধিদফতর, দপ্তর, সংস্থার ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এবং বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকগণকে আমন্ত্রণ জানানো হয়। প্রশিক্ষণ শেষে সমাপনী দিবসে প্রশিক্ষণার্থীদের সনদপত্র প্রদান করা হয়। পরিষদ কর্তৃক ২০২১-২০২২ অর্থবছরে স্বেচ্ছাসেবী সংগঠনের সদস্যদের জন্য "সমাজকল্যাণমূলক কার্যক্রমে সম্পৃক্ত সংগঠনের ব্যবস্থাপনা ও কর্মীদের দক্ষতা উন্নয়ন" শীর্ষক প্রশিক্ষণ কার্যক্রমের আওতায় ২৫টি কোর্সে ৯৫৫ জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ দেয়া হয়েছে, যার মধ্যে ৬৯৭ জন পুরুষ এবং ২৫৮ জন নারী।

# প্রশিক্ষণ কর্মসূচির সংক্ষিপ্ত বিবরণী

১. প্রশিক্ষণ অর্থবছর ঃ ২০২১-২০২২
২. প্রশিক্ষণ কোর্সের সংখ্যা ঃ ২৫টি
৩. কোর্সের শিরোনাম ঃ "সমাজকল্যাণমূলক কার্যক্রমে সম্পৃক্ত সংগঠনের ব্যবস্থাপনা এবং কর্মীদের দক্ষতা উন্নয়ন" প্রশিক্ষণ
৪. প্রশিক্ষণার্থীর পর্যায় ঃ নিবন্ধিত স্বেচ্ছাসেবী সংগঠনের নির্বাহীগণ/সদস্যবৃন্দ
৫. প্রশিক্ষণের মেয়াদ ঃ ৫ দিন
৬. প্রশিক্ষণের স্থান ঃ পরিষদের প্রশিক্ষণ কক্ষ
৭. প্রশিক্ষণের প্রকৃতি ঃ আবাসিক/অনাবাসিক
৮. কোর্স পরিচালক ঃ নির্বাহী সচিব (যুগ্মসচিব)
৯. কোর্স সমন্বয়ক ঃ বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ কর্মকর্তাবৃন্দ
১০. কোর্স সহযোগী ঃ বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের কর্মচারীবৃন্দ

## ২০২১-২০২২ অর্থবছরের প্রশিক্ষকগণের তালিকা

(জ্যেষ্ঠতার ক্রমানুযায়ী নহে)

| | |
|---|---|
| ১. | জনাব মাহফুজা আখতার, সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা |
| ২. | ড. শাহ আলম, অতিরিক্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা |
| ৩. | জনাব সুলতানা সাঈদা, অতিরিক্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা |
| ৪. | জনাব মোঃ সাইফুল ইসলাম, যুগ্মসচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা |
| ৫. | জনাব গিয়াস উদ্দিন মোল্লা, যুগ্মসচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা |
| ৬. | জনাব মোঃ সারওয়ার হোসেন, উপসচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা |
| ৭. | জনাব মোঃ দেলোয়ার হোসেন, উপসচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা |
| ৮. | এস এম গোলাম কিবরিয়া, সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা |
| ৯. | জনাব মোঃ নায়েব আলী, উপসচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (২টি যুগ্মসচিব পদে) |
| ১০. | জনাব এরশাদ হোসেন খান, উপসচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা |
| ১১. | জনাব মোঃ রাশেদুল ইসলাম, সিএফএমও, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা |
| ১২. | জনাব আব্দুল মোত্তালিব মিঞা, হিসাবরক্ষণ কর্মকর্তা, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা |
| ১৩. | জনাব মোহাম্মদ জসিম উদ্দীন, নির্বাহী সচিব(যুগ্মসচিব), বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, ঢাকা |
| ১৪. | জনাব অবেন্দ্র নাথ বাড়ৈ, উপপরিচালক (প্রশাসন), বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, ঢাকা |
| ১৫. | জনাব কারহানা আক্তার, উপপরিচালক(মূল্যায়ন), বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, ঢাকা |
| ১৬. | জনাব মোঃ মোহিবুল্লাহ, সহকারী পরিচালক (প্রশাসন).বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, ঢাকা |
| ১৭. | ড.এ এস এম আতীকুর রহমান, অধ্যাপক, সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়। |
| ১৮. | ড.গোলাম রব্বানী, অধ্যাপক, সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়। |
| ১৯. | অধ্যাপক তাহমিনা আখতার, পরিচালক, সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা। |
| ২০. | মিজ জুবেনা আজিজ, এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা |
| ২১. | জনাব জিল্লুর রহমান চৌধুরী, অতিরিক্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ |
| ২২. | জনাব মোস্তফা কামাল মজুমদার, অতিরিক্ত সচিব, স্থলবন্দর কর্তৃপক্ষ, ঢাকা |
| ২৩. | জনাব আ ন ম আল ফিরোজ, অতিরিক্ত সচিব, মহাপরিচালক দুর্নীতি দমন কমিশন, ঢাকা |
| ২৪. | জনাব খালেদ মামুন চৌধুরী, মহাপরিচালক, রপ্তানী উন্নয়ন ব্যুরো, ঢাকা |
| ২৫. | জনাব সঞ্জয় কুমার ভৌমিক, অতিরিক্ত, বন, পরিবেশ ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, ঢাকা |
| ২৬. | জনাব নাজমা মোবারেক, অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা |
| ২৭. | জনাব আব্দুল্লাহ আল খায়রুম, উপসচিব, এনজিও বিষয়ক ব্যুরো, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা |
| ২৮. | ব্যারিস্টার সুনেহ আনসারাহ, সুপ্রিমকোর্ট, ঢাকা। |
| ২৯. | ডাঃ অজন্তা সাহা, সহযোগী অধ্যাপক ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা |
| ৩০. | ডাঃ মুজিবুর রহমান, কনসালটেন্ট, সরকারী কর্মচারী হাসপাতাল, ঢাকা। |
| ৩১. | জনাব কমলেশ কুমার দাস, সাবেক যুগ্মসচিব, ঢাকা |
| ৩২. | ড. গোলাম রব্বানী, চেয়ারম্যান, এনজিডি ট্রাষ্ট, ঢাকা |
| ৩৩. | ড. মোস্তাফিজুর রহমান, পরিকল্পনা কমিশন, পরিকল্পনা মন্ত্রণালয় |
| ৩৪. | মুহাম্মদ শাব্বীর আহম্মদ চৌধুরী , উপসচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা |
| ৩৫. | ডাঃ মোঃ মারুফ রহমান, ন্যাশনাল মেডিকেল কলেজ, ঢাকা |
| ৩৬. | ড. তানিয়া রহমান, অধ্যাপক, সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা। |
| ৩৭. | ড. রবিউল ইসলাম, সহযোগী অধ্যাপক, সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয় |
| ৩৮. | কে এম সোহেল, মহাপরিচালক, দুর্নীতি দমন কমিশন, ঢাকা |
| ৩৯. | জনাব মোহাম্মদ জয়নুল বারী, সাবেক সচিব, পরিকল্পনা মন্ত্রণালয় |
| ৪০. | জনাব মামুনুর রহমান, উপসচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা |
| ৪১ | আ. ন. ম আল ফিরোজ, অতিরিক্ত সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় |

# বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ

## ২০২১-২০২২ অর্থবছরের প্রশিক্ষণপঞ্জি

মেয়াদকাল ঃ ৫ দিন

বিষয় ঃ সমাজকল্যাণমূলক কার্যক্রমে সম্পৃক্ত সংগঠনের ব্যবস্থাপনা ও কর্মীদের দক্ষতা উন্নয়ন

প্রশিক্ষণার্থীদের পর্যায় ঃ স্বেচ্ছাসেবী সংগঠনের সভাপতি/সাধারণ সম্পাদক/নির্বাহী সদস্য

| কোর্স নং | মাসের নাম | পাঠক্রম শুরু | বার | পাঠক্রম শেষ | বার | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ম ব্যাচ | আগস্ট/২০২১ | ২২-০৮-২০২১ | রবিবার | ২৬-০৮-২০২১ | বৃহস্পতিবার | |
| ২য় ব্যাচ | সেপ্টম্বর/২০২১ | ০৫-০৯-২০২১ | রবিবার | ০৯-০৯-২০২১ | বৃহস্পতিবার | |
| ৩য় ব্যাচ | সেপ্টম্বর/২০২১ | ১২-০৯-২০২১ | ঐ | ১৬-০৯-২০২১ | ঐ | |
| ৪র্থ ব্যাচ | সেপ্টম্বর/২০২১ | ১৯-০৯-২০২১ | ঐ | ২৩-০৯-২০২১ | ঐ | |
| ৫ম ব্যাচ | সেপ্টেম্বর/২০২১ | ২৬-০৯-২০২১ | ঐ | ৩০-০৯-২০২১ | ঐ | |
| ৬ষ্ঠ ব্যাচ | অক্টোবর/২০২১ | ০৩-১০-২০২১ | ঐ | ০৭-১০-২০২১ | ঐ | |
| ৭ম ব্যাচ | অক্টোবর/২০২১ | ১০-১০-২০২১ | ঐ | ১৪-১০-২০২১ | ঐ | |
| ৮ম ব্যাচ | অক্টোবর/২০২১ | ২৪-১০-২০২১ | ঐ | ২৮-১০-২০২১ | ঐ | |
| ৯ম ব্যাচ | অক্টোম্বর-নভেম্বর/২০২১ | ৩১-১০-২০২১ | ঐ | ০৪-১১-২০২১ | ঐ | |
| ১০ম ব্যাচ | নভেম্বর/২০২১ | ১৪-১১-২০২১ | ঐ | ১৮-১১-২০২১ | ঐ | |
| ১১তম ব্যাচ | নভেম্বর/২০২১ | ২১-১১-২০২১ | ঐ | ২৫-১১-২০২১ | ঐ | |
| ১২তম ব্যাচ | নভেম্বর-ডিসেম্বর/২০২১ | ২৮-১১-২০২১ | ঐ | ০২-১২-২০২১ | ঐ | |
| ১৩তম ব্যাচ | ডিসেম্বর/২০২১ | ০৫-১২-২০২১ | ঐ | ০৯-১২-২০২১ | ঐ | |
| ১৪তম ব্যাচ | ডিসেম্বর/২০২১ | ১৯-১২-২০২১ | ঐ | ২৩-১২-২০২১ | ঐ | |
| ১৫তম ব্যাচ | ডিসেম্বর/২০২১ | ২৬-১২-২০২১ | ঐ | ৩০-১২-২০২১ | ঐ | |
| ১৬তম ব্যাচ | জানুয়ারি/২০২২ | ০২-০১-২০২২ | ঐ | ০৬-০১-২০২২ | ঐ | |
| ১৭তম ব্যাচ | জানুয়ারি/২০২২ | ০৯-০১-২০২২ | ঐ | ১৩-০১-২০২২ | ঐ | |
| ১৮তম ব্যাচ | জানুয়ারি/২০২২ | ১৬-০১-২০২২ | ঐ | ২০-০১-২০২২ | ঐ | |
| ১৯তম ব্যাচ | জানুয়ারি/২০২২ | ২৩-০১-২০২২ | ঐ | ২৭-০১-২০২২ | ঐ | |
| ২০তম ব্যাচ | জানুয়ারি-ফেব্রুয়ারি/২০২২ | ৩০-০১-২০২২ | ঐ | ০৩-০২-২০২২ | ঐ | |
| ২১তম ব্যাচ | ফেব্রুয়ারি/২০২২ | ০৬-০২-২০২২ | ঐ | ১০-০২-২০২২ | ঐ | |
| ২২তম ব্যাচ | ফেব্রুয়ারি/২০২২ | ১৩-০২-২০২২ | ঐ | ১৭-০২-২০২২ | ঐ | |
| ২৩তম ব্যাচ | ফেব্রুয়ারি-মার্চ/২০২২ | ২৭-০২-২০২২ | ঐ | ০৩-০৩-২০২২ | ঐ | |
| ২৪তম ব্যাচ | মার্চ/২০২২ | ০৬-০৩-২০২২ | ঐ | ১০-০৩-২০২২ | ঐ | |
| ২৫তম ব্যাচ | মার্চ/২০২২ | ১৩-০৩-২০২২ | ঐ | ১৭-০৩-২০২২ | ঐ | |
| | রিফ্রেসার্স কোর্স (প্রশিক্ষণে অংশগ্রহণকারী ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীদের জন্য) | | | | | |
| ১ম কোর্স | অক্টোবর/২০২১ | ১৭-১০-২০২১ | রবিবার | ২০-১০-২০২১ | বুধবার | |
| ২য় কোর্স | ফেব্রুয়ারি/২০২২ | ২৪-০২-২০২১ | বৃহস্পতিবার | ২৭-০২-২০২২ | রবিবার | |
| ৩য় কোর্স | মার্চ/২০২২ | ০৫-০৩-২০২১ | শনিবার | ০৮-০৩-২০২২ | মঙ্গলবার | |

বি:দ্র: অনিবার্য কারণবশত: তারিখ ও মডিউল পরিবর্তন হতে পারে।